# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭১৯

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ দুনিয়াতে সন্দেহমূলক জিনিসের ব্যাপারে আল্লাহভীরু ব্যক্তিদের অবস্থার বিবরণ সম্পর্কিত হাদীস

ذِكْرُ الْإِخْبَارِ عَنْ وَصْفِ حَالَةِ مَنْ يَتَوَرَّعُ عن الشبهات في الدنيا

---

আরবী

719 ـ أخبرنا أحمد بْنُ عُمَيْرِ بْنِ يُوسُفَ حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ حَدَّثَنَا ابْنُ عَوْنٍ عَنِ الشَّعْبِيِّ عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (الْحَلَالُ بَيِّنٌ وَالْحَرَامُ بَيِّنٌ وَبَيْنَ ذَلِكَ أُمُورٌ مُشْتَبِهَةٌ ـ وَرُبَّمَا قَالَ: مُتَشَابِهَةٌ ـ وَسَأَضْرِبُ لَكُمْ فِي ذَلِكَ مَثَلًا: إِنَّ اللَّهَ حَمَى حِمىً وَإِنَّ حِمَى اللَّهِ مَحَارِمُهُ وَإِنَّهُ مَنْ يَرْتَعْ حَوْلَ الْحِمَى يُوشِكْ أَنْ يُخَالِطَ الْحِمَى ـ وَرُبَّمَا قَالَ: مَنْ يَرْتَعْ حَوْلَ الْحِمَى يُوشِكْ أَنْ يَرْتَعَ ـ وَإِنَّ مَنْ خَالَطَ الرِّيبَةَ يُوشِكُ أَن يَجْسُرَ)

الراوي : النُّعْمَان بْن بَشِير | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 719 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭১৯. নু‘মান বিন বাশীর রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “হালাল স্পষ্ট, হারামও স্পষ্ট। আর এতদুভয়ের মাঝে রয়েছে কিছু সন্দেহমূলক জিনিস। আর আমি অচিরেই তোমাদের জন্য এই ব্যাপারে একটি দৃষ্টান্ত পেশ করবো: নিশ্চয়ই আল্লাহ সংরক্ষিত এলাকা নির্ধারণ করেছেন। আর আল্লাহর সংরক্ষিত এলাকা হলো তাঁর হারামসমূহ। নিশ্চয়ই যে ব্যক্তি সংরক্ষিত চারণভূমির আশেপাশে পশু চরায়, অচিরেই সে সংরক্ষিত চারণভূমিতে মিশে যাবে। (কখনো রাবী এমন শব্দে বলেছেন, “যে ব্যক্তি সংরক্ষিত চারণভূমির আশেপাশে পশু চরায়, অচিরেই সে সংরক্ষিত চারণভূমিতে পশু চরাবে) নিশ্চয়ই যে ব্যক্তি সন্দেহমূলক জিনিসের সংমিশ্রণ ঘটায়, অচিরেই সে হারামে লিপ্ত হবে।”[1]

## ফুটনোট

[1] নাসাঈ: ৮/৩২৭; সহীহ আল বুখারী: ২০৫১; আবু দাউদ: ৩৩২৯; হিলইয়াতুল আওলিয়া: ৪/২৭০; মুসনাদ আহমাদ: ৪/২৭০; সহীহ মুসলিম: ১৫৯৯; ইবনু মাজাহ: ৩৯৮৪; দারেমী: ২/২৪৫; সুনান বাইহাকী: ৫/৬৪; তিরমিযী: ১২০৫; তারিখু বাগদাদ: ৯/৭০।

আল্লামা শু'আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (গায়াতুল মারাম: ২০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89221

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন